গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd

স্মারক নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০০৮.১৫/ ৯২০৬ (৯৮০)

তারিখ : ২৬/০২/১৪২৫ বঙ্গাব্দ
০৬/০৬/২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : ১৫২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ ।

সূত্র : স্মারক নং ৩৭.০২.০০০০.১১০৬২.১০৫.১৭.৪৮৯, তারিখ : ৩১.০৫.২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৩ই আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৭ই জুন ২০১৮ তারিখ হতে ০৯ই কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/২৪ই অক্টোবর ২০১৮ মেয়াদে জাতীয় শিক্ষা ব্যবস্হাপনা একাডেমি (নায়েম)-এ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের ১৫২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁকে মনোনয়ন দেয়া হয়েছে। উক্ত কোর্সের প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিম্নে প্রদত্ত হল:

১. কোর্সে অংশগ্রহণের জন্য ১২ই আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৬ই জুন ২০১৮ তারিখ তারিখ মঙ্গলবার বিকাল ০৩:০০-০৫:০০টার মধ্যে প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্রসহ নায়েম এর প্রশাসনিক ভবনের নিচ তলায় ওয়ানস্টপ সার্ভিস সেন্টার-এ রিপোর্ট করতে হবে।

২. রিপোর্টিং এর সময় বিস্তারিত জীবন-বৃত্তান্ত (বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে), সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট ও ৩ (তিন) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি (ল্যাব প্রিন্ট) এবং ১০/- (দশ) টাকার ৫ (পাঁচ)টি রাজস্ব টিকেট সাথে আনতে হবে।

৩. প্রশিক্ষণ কোর্সটি পুরোপুরি আবাসিক। প্রশিক্ষণ মেয়াদে নায়েম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। হোস্টেলে ব্যবহার্য লেপ, তোষক, বালিশ, মশারি কর্তৃপক্ষ সরবরাহ করবেন।

৪. শ্রেণিকক্ষ ও অন্যান্য কর্মসূচিতে পুরুষ প্রশিক্ষণার্থীগণকে বাধ্যতামুলকভাবে সাদা ফুলহাতা শার্ট, কালো স্যুট ও ট্রাউজারস্, টাই (রং, কোর্স কমিটি কর্তৃক নির্ধারণ করা হবে) অথবা সাদা পাঞ্জাবী ও সাদা শেরওয়ানী এবং কালো জুতা পরিধান করতে হবে। অপর একটি শার্টের কালার পরবর্তীতে নির্ধারিত হবে। অতিথি রজনী ও সমাপনী অনুষ্ঠানে কালো রং এর স্যুট পরিধান করতে হবে।

৫. মহিলা প্রশিক্ষণার্থীগণকে শ্রেণিকক্ষ ও অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণের জন্য কোর্স শুরুর সময় সাদা জামদানি (লাল পাড়ের) শাড়ি সঙ্গে আনতে হবে এবং অব্যবহিত পরেই কোর্স সমন্বয় কমিটির নির্দেশনা মোতাবেক ইউনিফরম তৈরি করতে হবে।

৬. শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা রঙের স্পোর্টস ট্রাউজারস্ ও কলারসহ সাদা টি-শার্ট, সাদা মোজা, সাদা কেডস এবং মহিলা প্রশিক্ষণার্থীগণকে সাদা সালোয়ার-কামিজ এবং সাদা রঙের মোজা, সাদা কেড্স পরিধান করতে হবে। প্রয়োজনে সকল অংশগ্রহণকারী সাদা ট্র্যাকস্যুট ব্যবহার করতে পারবেন।

৭. প্রশিক্ষণকালে প্রতি প্রশিক্ষণার্থীকে পোশাকভাতা বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা, দৈনিক ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা হারে প্রশিক্ষণ ভাতা এবং প্রায় ১,০০০.০০ (এক হাজার) টাকা মূল্যমানের বই প্রদান করা হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থী নিজ কর্মস্থল থেকে প্রশিক্ষণ কোর্সে (নায়েম) যোগদানের জন্য ও প্রশিক্ষণ শেষে কর্মস্থলে যোগদানের জন্য এবং শিক্ষাসফর, অফিস সংযুক্তি কার্যক্রম, নিজ গ্রাম সমীক্ষা ও 'বাংলাদেশকে জানো' (Know Bangladesh) কার্যক্রমের জন্য যাতায়াত ও ভ্রমণভাতা (দৈনিক ভাতা বাদে) নিজ কর্মস্থল থেকে প্রাপ্য হবেন।

৮. কোর্সে যোগদানের সময় বিল প্রাপ্তির পূর্বে ব্যক্তিগত ব্যয় নির্বাহের জন্য (খাওয়া খরচ, হোস্টেল ইউটিলিটি চার্জ ইত্যাদি) কমপক্ষে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা সাথে আনতে হবে। প্রশিক্ষণ কোর্সে যোগদানের সময় কোর্স সমন্বয় কমিটির নিকট ৫০০.০০ (পাঁচশত) টাকা (যা ফেরৎযোগ্য) জমা দিতে হবে।

৯. কোর্সে প্রশিক্ষণার্থীগণের দৈনিক প্রশিক্ষণভাতা খাতে প্রতিদিনের জন্য বরাদ্দকৃত ৩৫০.০০ (তিন শত পঞ্চাশ) টাকা থেকে প্রতিদিনের দুই বেলা খাবার, সকালের নাস্তা এবং সহপাঠক্রমিক কার্যক্রম ব্যবস্থাপনা ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করতে হবে। কোর্সের সহ-পাঠক্রমিক কার্যক্রম পরিচালনার জন্য দৈনিক ১৫/- টাকা হারে প্রতিমাসের প্রশিক্ষণ ভাতা থেকে কর্তন করা হবে। উক্ত অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করে প্রশিক্ষণার্থী ও নায়েম অনুষদ সদস্যগণের সমন্বয়ে গঠিত বিভিন্ন কমিটির মাধ্যমে ব্যয় করা হবে।

১০. ইতঃপূর্বে আপনি এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকলে অথবা আপনার বয়স ৫০ বছর বা তদুর্ধ্ব হলে এ কোর্সে যোগদানের প্রয়োজন নেই।

১১. মনোনীত কোনো কর্মকর্তা গুরুতর অসুস্থ হলে কিংবা মহিলা কর্মকর্তা সন্তানসম্ভবা হলে কিংবা দুগ্ধপোষ্য শিশু থাকলে কিংবা সরকারি হাসপাতালে ভর্তি থাকলে মেডিকেল বোর্ডের সনদ পেশ করা সাপেক্ষে তাঁকে কোর্সে অংশগ্রহণ করা থেকে অব্যাহতি দেয়া যেতে পারে। তবে এ সকল ক্ষেত্রে আগামী ৮ই আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২২ই জুন ২০১৮ তারিখের মধ্যে অংশগ্রহণে অপারগতা জানিয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫ বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদন পত্রের অনুলিপি ই-মেইল যোগে (info@naem.gov.bd) এ প্রেরণ করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে অবহিত না করে কোর্সে অনুপস্থিত থাকলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

১২. দুগ্ধপোষ্য শিশুসহ প্রশিক্ষণে অংশ নিতে ইচ্ছুক এমন ১৭ (সতের) জন মহিলা প্রশিক্ষণার্থীকে তাঁদের আবেদনের প্রেক্ষিতে তালিকার ক্রমানুসারে আবাসিক ব্যবস্থাসহ প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। তবে শিশুর বয়স অবশ্যই ১৮ থেকে ৬০ মাসের মধ্যে হতে হবে। রিপোর্টিং এর সময় শিশুর জন্ম সনদ সাথে আনতে হবে।

১৩. সরকারি কর্মচারী আচরণ বিধি ১৯৭৯ এবং প্রতিষ্ঠানের নিয়ম শৃঙ্খলা ও বিধি-বিধান অনুসরণে কোর্সটি পরিচালিত হবে। কোনো প্রশিক্ষণার্থী এর ব্যত্যয় ঘটালে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. প্রশিক্ষণ সংক্রান্ত কোনো তথ্য জানার জন্য প্রয়োজনে কোর্স সমন্বয়ক জনাব মোয়াজ্জেম হোসেন সেলিম, মোবাইল নম্বর ০১৭১৭-৪৭৮৯৮৫ অথবা কোর্স সমন্বয়ক জনাব মোঃ আসাদুজ্জামান, মোবাইল নম্বর ০১৭১১-২৬০৫৬৪ এ যোগাযোগ করা যেতে পারে। মনোনীত সকল কর্মকর্তাকে আগামী ০১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১৫ই জুন ২০১৮ তারিখের মধ্যে 152ftc.naem@gmail.com এ প্রশিক্ষণে অংশগ্রহণের বিষয়টি অবশ্যই নিশ্চিত করতে হবে। ই-মেইলে মাউশি প্রদত্ত তালিকার সিরিয়াল নম্বর উল্লেখ করতে হবে।

১৫. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর মনোনয়ন অনুযায়ী এ পত্র জারি করা হলো। সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীগণ কোর্সে অংশগ্রহণের জন্য ১২ই আষাঢ় ১৪২৫/২৬ই জুন ২০১৮ খ্রি. তারিখ থেকে বিমুক্ত বলে গণ্য হবেন।

০৭.০৭.১৮

(প্রফেসর ড. আ. ফ. ম শফিকুর রহমান)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
ফোন: ৫৫১৬৭৫৩০
e-mail:info@naem.gov.bd

প্রাপক :

স্মারক নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০০৮.১৫/ ১২০৬ (২৮০) (১৭০)

তারিখ : ২৬/০২/১৪২৫ বঙ্গাব্দ
০৬/০৬/২০১৮ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা/কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
২. চেয়ারম্যান/অধ্যক্ষ/পরিচালক/প্রকল্প পরিচালক/উপ-পরিচালক, ...
....
মনোনীত কর্মকর্তাকে যথাসময়ে অবমুক্ত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো। (সংশ্লিষ্ট কর্মকর্তা ইতোমধ্যে অন্যত্র বদলী হয়ে থাকলে নতুন ঠিকানায় তাঁকে জানিয়ে দেয়ার অনুরোধসহ)
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্ন: / প্রশিক্ষণ ও বাস্ত: / গবেষণা ও তথ্য: / প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা
৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ (তালিকাটি মাউশি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো, PDF ও MS Word)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রধান হিসাবরক্ষণ অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
৭. জেলা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা..
৮. প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্র ও তালিকাটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
৯. ব্যক্তিগত সহকারি, মহাপরিচালক, নায়েম।
১০. অফিস কপি।

০৬/০৬/২০১৮ ইং

(মোঃ মামুন উল হক)
কোর্স পরিচালক
মোবাইল: ০১৭১১-১৮৬৩০২